জনতা ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়
ঢাকা

এসএমই ডিপার্টমেন্ট
ফোন নং-৯৫৬৮৮১০

নির্দেশ বিজ্ঞপ্তি নম্বর: ৭৬০/১৭

তারিখ: ২৪/০৭/২০১৭
৯ শ্রাবন ১৪২৪

সকল উপমহাব্যবস্থাপক/সহকারী মহাব্যবস্থাপক
সকল শাখা ব্যবস্থাপক
জনতা ব্যাংক লিমিটেড
বাংলাদেশ।

বিষয়: এসএমই অর্থায়ন সংক্রান্ত মাস্টার সার্কুলার ৬৯১/১৬ এর ২.২ এবং ২.৩ অনুচ্ছেদ সংশোধন প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ে ২১ জুন ২০১৬ তারিখে জারীকৃত নির্দেশ বিজ্ঞপ্তি নং-৬৯১/১৬ এর ২.২ এবং ২.৩ অনুচ্ছেদের প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

এসএমই অর্থায়ন সংক্রান্ত উক্ত মাস্টার সার্কুলার এর ২.২ অনুচ্ছেদে ব্যাংকের সামগ্রিক ঋণ পোর্টফোলিওতে এসএমই খাতে ঋণ বিতরণ ও ঋণ স্থিতির শতকরা হার অন্যূন ২০% এবং আগামী ৫ বছরের মধ্যে এ হার অন্যূন ৩০% উন্নীত করার প্রয়োজনীয় পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন করার পরামর্শ প্রদান করা হয়েছিল। অন্যদিকে মাস্টার সার্কুলার এর ২.৩ অনুচ্ছেদ মোতাবেক এসএমই ঋণ পোর্টফেলিওর খাতভিত্তিক বিভাজন ম্যানুফ্যাকচারিং-এ অন্যূন ৩০%, সেবায় অন্যূন ১৫%, এবং ব্যবসায় (ট্রেডিং-এ) সর্বোচ্চ ৫৫% অর্জনের কথা। দেশের সামগ্রিক অর্থনৈতিক উন্নয়নে এসএমই খাত গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে বিধায় এসএমই অর্থায়ন কার্যক্রম আরো গতিশীল ও সুসংহত করতে বাংলাদেশ ব্যাংকের এসএমইএসপিডি সার্কুলার নং-৩ তারিখ-২৯জুন ২০১৭ অনুসরন করে মাস্টার সার্কুলার ৬৯১/১৬ এর ২.২ এবং ২.৩ নং অনুচ্ছেদ নিম্নরূপে প্রতিস্থাপন করা হলো।

২.২ ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহকে বছরের শুরুতেই তাদের মোট বিতরণযোগ্য ঋণের মধ্যে এসএমই খাতে ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা নির্ধারণপূর্বক বাংলাদেশ ব্যাংককে অবহিত করতে হবে। ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের বাৎসরিক সামগ্রিক ঋণ বিতরণের মধ্যে এসএমই খাতে ঋণ বিতরণ ২০১৭ সালে অন্যূন ২০% হতে হবে এবং প্রতিবছর কমপক্ষে ১% বৃদ্ধিসহ ২০২১ সালে অন্যূন ২৫% এ উন্নীত করতে হবে।

২.৩ সামগ্রিকভাবে এসএমই খাতে ঋণ বিতরণে মাঝারি খাতের চেয়ে ক্ষুদ্র খাতে ঋণ বিতরণে অগ্রাধিকার দিতে হবে। এসএমই খাতে সামগ্রিক অর্থায়নের অন্যূন ৫০% কটেজ, মাইক্রো ও ক্ষুদ্র উদ্যোক্তাদের জন্য নির্ধারন করতে হবে। টেকসই অর্থনৈতিক উন্নয়নের লক্ষ্যে একটি টেকসই এসএমই খাত গঠন করতে এসএমই ঋণ পোর্টফোলিওর কাঙ্খিত খাত ভিত্তিক বিভাজন হবে ২০২১ সালে ম্যানুফ্যাকচারিং-এ অন্যূন ৪০%, সেবায় অন্যূন ২৫% এবং ব্যবসায় (ট্রেডিং এ) সর্বোচ্চ ৩৫%। মোট এসএমই ঋণের মধ্যে এসএমই নারী উদ্যোক্তা ঋণের হার হবে ন্যূনতম ১০% এবং ২০২১ সালে তা ১৫% এ উন্নীত করতে হবে। এ লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। পোর্টফোলিওর কাঙ্খিত খাতভিত্তিক বিভাজন এসএমই পারফরমেন্স মূল্যায়নে নিয়ামক হিসেবে বিবেচিত হবে।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে। মাস্টার সার্কুলার এ বর্ণিত এসএমই অর্থায়ন সংশ্লিষ্ট অন্যান্য সাধারণ নির্দেশাবলী অপরিবর্তিত থাকবে।

(মোঃ আব্দুল মতিন)
উপ-মহাব্যবস্থাপক

(মোঃ আব্দুল জব্বার)
মহাব্যবস্থাপক

অনুলিপিঃ
০১। কোম্পানী সেক্রেটারী, পরিচালনা পর্ষদ, জনতা ব্যাংক লিমিটেড,প্রধান কার্যালয়,ঢাকা।
০২। সকল বিভাগীয় প্রধান, জনতা ব্যাংক লিমিটেড,প্রধান কার্যালয়,ঢাকা।
০৩। ব্যবস্থাপনা পরিচালকের একান্ত সচিব, জনতা ব্যাংক লিমিটেড,প্রধান কার্যালয়,ঢাকা।
০৪। উপ-ব্যবস্থাপনা পরিচালকের একান্ত সচিব, জনতা ব্যাংক লিমিটেড,প্রধান কার্যালয়,ঢাকা।
০৫। মহাব্যবস্থাপকবৃন্দের ব্যক্তিগত সহকারীগণ, জনতা ব্যাংক লিমিটেড,প্রধান কার্যালয়,ঢাকা ;বিভাগীয় অফিস, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর/লোকাল অফিস এবং চীফ এক্সিকিউটিভ ইউএই।
০৬। নথি

বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ
www.bb.org.bd

এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ বিভাগ

এসএমইএসপিডি সার্কুলার নং-৩

১৫ আষাঢ় ১৪২৪ বঙ্গাব্দ
তারিখঃ ------------------------
২৯ জুন ২০১৭ খ্রীষ্টাব্দ

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়,

**এসএমই অর্থায়ন সংক্রান্ত মাস্টার সার্কুলার এসএমইএসপিডি সার্কুলার নং-১/২০১৬ এর ২.২ এবং ২.৩ নং অনুচ্ছেদ সংশোধন প্রসংগে।**

শিরোনামোক্ত বিষয়ে ০৭ জানুয়ারি ২০১৬ তারিখে জারীকৃত এসএমইএসপিডি সার্কুলার নং-১ [এসএমই অর্থায়ন সংক্রান্ত মাস্টার সার্কুলার] এর ২.২ এবং ২.৩ অনুচ্ছেদ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

এসএমই অর্থায়ন সংক্রান্ত উক্ত মাস্টার সার্কুলার এর ২.২ অনুচ্ছেদে ব্যাংকের সামগ্রিক ঋণ পোর্টফোলিওতে এসএমই খাতে ঋণ বিতরণ ও ঋণ স্থিতির শতকরা হার অন্যূন ২০% এবং আগামী ৫ বছরের মধ্যে এ হার অন্যূন ৩০% উন্নীত করার প্রয়োজনীয় পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন করার পরামর্শ প্রদান করা হয়েছিল। অন্যদিকে, মাস্টার সার্কুলার এর ২.৩ অনুচ্ছেদ মোতাবেক এসএমই ঋণ পোর্টফোলিওর খাতভিত্তিক বিভাজন ম্যানুফ্যাকচারিং-এ অন্যূন ৩০%, সেবায় অন্যূন ১৫% এবং ব্যবসায় (ট্রেডিং-এ) সর্বোচ্চ ৫৫% অর্জনের কথা। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে যে, অনেক ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান কাঙ্খিত মাত্রায় এসএমই খাতে অর্থায়ন করছে না। দেশের সামগ্রিক অর্থনৈতিক উন্নয়নে এসএমই খাত গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে বিধায় এসএমই অর্থায়ন কার্যক্রম আরো গতিশীল ও সুসংহত করতে মাস্টার সার্কুলারের ২.২ এবং ২.৩ নং অনুচ্ছেদ নিম্নরূপে প্রতিস্থাপন করা হলোঃ

| | |
|---|---|
| ২.২ | ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহকে বছরের শুরুতেই তাদের মোট বিতরণযোগ্য ঋণের মধ্যে এসএমই খাতে ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা নির্ধারণপূর্বক বাংলাদেশ ব্যাংককে অবহিত করতে হবে। ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের বাৎসরিক সামগ্রিক ঋণ বিতরণের মধ্যে এসএমই খাতে ঋণ বিতরণ ২০১৭ সালে অন্যূন ২০% হতে হবে এবং প্রতিবছর কমপক্ষে ১% বৃদ্ধিসহ ২০২১ সালে অন্যূন ২৫%-এ উন্নীত করতে হবে। |
| ২.৩ | সামগ্রিকভাবে এসএমই খাতে ঋণ বিতরণে মাঝারি খাতের চেয়ে ক্ষুদ্র খাতে ঋণ বিতরণে অগ্রাধিকার দিতে হবে। এসএমই খাতে সামগ্রিক অর্থায়নের অন্যূন ৫০% কটেজ, মাইক্রো ও ক্ষুদ্র উদ্যোক্তাদের জন্য নির্ধারণ করতে হবে। টেকসই অর্থনৈতিক উন্নয়নের লক্ষ্যে একটি টেকসই এসএমই খাত গঠন করতে এসএমই ঋণ পোর্টফোলিওর কাঙ্খিত খাতভিত্তিক বিভাজন হবে ২০২১ সালে ম্যানুফ্যাকচারিং-এ অন্যূন ৪০%, সেবায় অন্যূন ২৫% এবং ব্যবসায় (ট্রেডিং-এ) সর্বোচ্চ ৩৫%। মোট এসএমই ঋণের মধ্যে এসএমই নারী উদ্যোক্তা ঋণের হার হবে ন্যূনতম ১০% এবং ২০২১ সালে তা ১৫% এ উন্নীত করতে হবে। এ লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। পোর্টফোলিওর কাঙ্খিত খাতভিত্তিক বিভাজন এসএমই পারফরমেন্স মূল্যায়নে নিয়ামক হিসেবে বিবেচিত হবে। |

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে। মাস্টার সার্কুলারে বর্ণিত এসএমই অর্থায়ন সংশ্লিষ্ট অন্যান্য সাধারণ নির্দেশনাবলী অপরিবর্তিত থাকবে।

আপনাদের বিশ্বস্ত,

(স্বপন কুমার রায়)
মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০৫০২